

নামঃ  
Samy 20/9/23

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৫০৭.২৩. ৩০৪

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০  
০২ জুমাই ২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব রেহেনা, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, আড়াইহাজার, নারায়ণগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে আংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন ও বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব রেহেনা, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, আড়াইহাজার, নারায়ণগঞ্জ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (খ) মোতাবেক তার ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। তিনি ভবিষ্যতে বকেয়া প্রাপ্য হবেন না।

শাহ রেজওয়ান হায়াত  
মহাপরিচালক (শ্রেণি-১)  
০২/৭/২০২৩

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৫০৭.২৩. ৩০৪ (০২)

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০  
০২ জুমাই ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (তদন্ত ও শৃঙ্খলা/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
৬. শেখ সাইদুর রহমান, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৭. উপজেলা শিক্ষা অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৯. জনাব রেহেনা, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১০. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

ড. নাছিম বেগম  
উপপরিচালক  
তদন্ত ও শৃঙ্খলা শাখা